

২০২৪ সালের ডিগ্রী (পাস) প্রাইভেট/ সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন/ভর্তি বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস/বি.বি.এস প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছুদের রেজিস্ট্রেশন/ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম আগামী ২৭/০২/২০২৫ হতে ১৬/০৩/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অনলাইনের মাধ্যমে সম্পন্ন হবে। এ সংক্রান্ত তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nu.ac.bd/admissions) দেয়া আছে।

আবেদনসহ রেজিস্ট্রেশন ফিসের পরিমাণ =১,৬০০/- (এক হাজার ছয়শত টাকা মাত্র)।

অনলাইনে ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:

০১। বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে ভর্তি ফরম পূরণ পূর্বক ডাউনলোড ও প্রিন্ট করে নিতে হবে।
০২। ভর্তি ফরম ডাউনলোড করে প্রিন্ট নিয়ে অনলাইন ভর্তির জন্য কলেজের আইসিটি বিভাগে (কক্ষ নং-১০৭) ফরম জমা দিয়ে (Education Management Softwar- EMS)- এ নাম অন্তর্ভুক্ত করে নিতে হবে।

অনলাইনে সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তি ফরম পূরণ প্রক্রিয়া:

০১। সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তির ওয়েবসাইট www.debendracollege.eshiksabd.com এ গিয়ে User Name: debendrastudent এবং Password: debendrastudent দিয়ে Sign In করতে হবে।

০২। Sign In করা পেইজে Admission বাটনে ক্লিক করলে Click for New Admission বাটন আসবে।

০৩। Click for New Admission বাটনে ক্লিক করে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে:

Select Group (যে গ্রুপে চান্সপ্রাপ্ত Degree BA/ Degree BSS/ Degree BBS/C.C) Enter NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।

০৪। ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফরমে যে ছবি ব্যবহার করা হয়েছে একই ছবি ফরমের নির্ধারিত জায়গায় আপলোড করতে হবে (ছবির মাপ maximum size: 99kb) শিক্ষার্থীরা শুধু SSC এবং HSC পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার তথ্য সরবরাহ করবে।

০৫। সঠিকভাবে ফরম পূরণের পর Save বাটনে ক্লিক করলে পূরণকৃত রেজিস্ট্রেশন ফরমে রেজিস্ট্রেশন ফিসহ সকল তথ্য চলে আসবে।

০৬। অতঃপর উপায়/বিকাশ/নগদ এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করলে ক্লাশ রোল নম্বরসহ একটি SMS শিক্ষার্থীর মোবাইলে চলে আসবে এবং রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হবে। SMS- এ শিক্ষার্থীর রোল নম্বরসহ বিভাগ উল্লেখ থাকবে। ফরমটি ডাইলোড করে প্রিন্ট নিয়ে মোবাইলের SMS- এ আসা রোল নম্বরটি ফরমের যথাস্থানে লিখবে।

ভর্তি ফরম পূরণ ও ভর্তি ফিস প্রদানের পর শিক্ষার্থীদের জন্য করণীয়:

পূরণকৃত আবেদন ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূরণকৃত ফরম ০১ কপি ও দেবেন্দ্র কলেজে রেজিস্ট্রেশনের জন্য পূরণকৃত ফরম ০১ কপি) নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে কলেজের প্রশাসনিক শাখা থেকে যাচাই পূর্বক হিসাব শাখায় জমা দিতে হবে (সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত)।

(ক) মাধ্যমিক/সমমানের এবং উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের মূলকপি ও ১টি করে সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য মাধ্যমিক/সমমানের এবং উচ্চ মাধ্যমিক/সমমান ও ডিগ্রী (পাস) পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের মূলকপি এবং সনদপত্র, নম্বরপত্র ও রেজি: কার্ডের ১টি করে সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

(খ) সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরী দু'বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল রাখার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষার অংশ গ্রহণের জন্য ছুটি দেয়া হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।


(গ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ছুটি মঞ্জুরকরা হবে এই মর্মে প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

(ঘ) বিকাশ/ নগদ/উপায়-এর মাধ্যমে ফি জমাদানের রশিদের কপি (মূল কপিতে নাম, মোবাইল নম্বর ও ভর্তির ক্লাশ রোল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি জমা দিতে হবে এবং ফটোকপিতে হিসাব শাখা থেকে স্বাক্ষর ও সীল দিয়ে শিক্ষার্থীকে সংরক্ষণ করতে হবে)।

পাঠ্যক্রম ও পাঠ্যসূচী :

২০২৩- ২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থী যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে প্রাইভেট প্রার্থীগণও সেই পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে।

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত কেন্দ্রে প্রাইভেট প্রার্থীদের পরীক্ষা দিতে হবে।


প্রফেসর মো: শহীদুজ্জামান

আইডি নং- ১০৫১

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।